




বিআরটিসির ডিজিটাল কার্যক্রম


বিআরটিসি স্লিট ম্যানেজমেন্ট অটোমেশন

বিআরটিসি'র কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও অনিয়ম দূর করার লক্ষ্যে ডিপো/ইউনিটের বাস ও ট্রাকের আয়-ব্যয়, যন্ত্রাংশ, জ্বালানীসহ সকল কার্যক্রম অনলাইন ও অফলাইনে পরিলক্ষিত হয়ে তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহণ করা। প্রাথমিকভাবে ০৩টি ডিপো (জোয়ারসাহারা, কল্যাণপুর ও গাবতলী) এর মধ্যে পরীক্ষামূলকভাবে বিআরটিসি স্লিট ম্যানেজমেন্ট অটোমেশন সিস্টেম চালু করা হয়েছে। পর্যায়ক্রমে বিআরটিসি'র সকল ডিপোতে পূর্ণাঙ্গ অটোমেশন ব্যবস্থা চালু করা হবে।



আমাদের বিআরটিসি এ্যাপ


যাত্রী আধুনিক সেবা প্রদানের জন্য আমাদের বিআরটিসি নামক এ্যাপ চালু করা হয়েছে। সম্প্রতি এ এ্যাপটি চালু করা হয়েছে। এ এ্যাপের মাধ্যমে জনসাধারণ/ব্যবহারকারী মোবাইল ও ওয়েব এ্যাপ এ রুট ও বাসের সঠিক সময় ও অবস্থান সম্পর্কে জানতে পারবে। এয়াবত ১০০০জন যাত্রী আমাদের বিআরটিসি নামক এ্যাপ ব্যবহার করেছেন।



বিআরটিসির ডিজিটাল কার্যক্রম


ড্রাইভিং প্রশিক্ষণে ই-রেজিস্ট্রেশন ও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধ

ড্রাইভিং প্রশিক্ষণ কার্যক্রম গতিশীল করা এবং অতিসহজে ঘরে বসেই অনলাইনে আলাদা প্ল্যাটফর্মে ই-রেজিস্ট্রেশন ও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধ করে ড্রাইভিং প্রশিক্ষণ গ্রহণ করার জন্য আবেদন করতে পারেন। এ যাবত ৪টি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও ১৯টি প্রশিক্ষণ কেন্দ্রে ৪৮জন প্রশিক্ষণার্থী অনলাইনে সফল ভাবে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করেছেন।




ই-টিকেটিং ও অনলাইন টিকেটিং সিস্টেম

ঢাকাস্থ ৮টি বুটে বিআরটিসি বাসে ঝামেলামুক্তভাবে স্বল্প সময়ে ই-টিকেটিং এর মাধ্যমে টিকেট সংগ্রহ করা যাচ্ছে। এ যাবত প্রায় ১২ লক্ষ যাত্রী ই-টিকেটিং পদ্ধতি অবলম্বন করে টিকেট সংগ্রহ করেছেন। এছাড়াও সম্প্রতি বিআরটিসি বাসে অনলাইন টিকেটিং সিস্টেম পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে।



ভ্যাহিকল ট্র্যাকিং সিস্টেম (ভিটিএস)

ভিটিএসের মাধ্যমে বিআরটিসি রাজস্ব বৃদ্ধি, গাড়ী অবস্থান নিশ্চিতকরণ, গতিবিধি ও মাইলেজ নির্ধারণের লক্ষ্যে বিআরটিসি'র ২২টি বাস ডিপোর ৫০১টি বাস ও ১টি ট্রাকে ভ্যাহিকল ট্র্যাকিং সিস্টেম (ভিটিএস) স্থাপন করা হয়েছে। ইতোমধ্যে ৭০১টি বাস ও ৫০১টি ট্রাকসহ মোট ১২০২টি যানবাহনে VTS স্থাপনের কার্যক্রম চালু করার প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে।



বিআরটিসির ডিপো/ইউনিট মনিটরিং করার জন্য সিসি ক্যামেরা স্থাপন

স্বচ্ছতা, জবাবদিহিতা ও অনিয়ম দূর করার লক্ষ্যে বিআরটিসির সকল ডিপো/ইউনিটে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। সকল ডিপো/ইউনিটে ২০০ টি সিসি ক্যামেরা সংযোজন করা হয়েছে। বর্তমানে অনলাইনের মাধ্যমে মোবাইলে এবং ল্যাপটপের মাধ্যমে হেড অফিস থেকে সকল ডিপো/ইউনিটসমূহ নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে।

সিসি ক্যামেরা স্থাপন

